# ঐক্যমত গঠনের প্রক্রিয়া

## সকলের মতের ঐক্য বলতে কি বোঝায় ?

আমরা লোকেদের জিজ্ঞাসা করি তারা সকলের মতের ঐক্য বলতে কি বোঝে। তাদের কাছ থেকে পাওয়া কিছু বক্তব্য নিম্নলিখিত:

"আরো ভালো অবস্থা অথবা উন্নত অবস্থা প্রাপ্তির জন্য একটি দল অথবা অনেকগুলি দলের লোকেদের মধ্যে আলোচনার দ্বারা বিভিন্ন মতামতের একটি স্বীকৃত মত বা বিচার তৈরী করা"



"আগামী দিনে কি ভাবে কাজ করতে হবে সেই বিষয়ে সকলের মতামতের মিলিত এক বিচারধারা অথবা একটি চুক্তি"

"দলের সকলের মত নিয়ে গৃহীত একটি সিদ্ধান্ত যেখানে লোকেদের একটি নির্দিষ্ট সমস্যা অথবা বিষয়ের উপর ভিন্ন ভিন্ন চিন্তাধারা ও মতামত আছে"

ঐক্যমতের মানে হচ্ছে কোন বিচারধারা অথবা মতামতের আপস নিস্পত্তির উপর একটি চুক্তি।

সুতরাং,
ঐক্যমত গঠন করা
হচ্ছে:

প্রায় সকল লোকেদের দ্বারা স্বীকৃত একটি সিদ্ধান্ত বানানোর পথ যেখানে লোকেদের কোন একটি নির্দিষ্ট সমস্যা অথবা বিষয়ের উপর ভিন্ন ভিন্ন চিন্তাধারা ও মতামত আছে।

## ঐক্যমত গঠনের প্রক্রিয়ার বিষয়ে

অন্নুনত গোষ্ঠীর উন্নতির লক্ষ্যে অনেক মানুষ কঠোর পরিশ্রম করে। যারা সরকারী সংস্থা, বেসরকারী সংস্থা এবং উন্নয়নশীল প্রকল্পে কাজ করে তাদের বিভিন্ন বিষয়ে বিশেষ জ্ঞান ও দক্ষতা থাকে।

আমি চাই লোকে জানুক আমি কি কি প্রতিবন্ধিকতার সম্মুখীন হয়েছি।

যদি আমরা সকলের কথা শুনি,তাহলে আমরা সকলের সমস্যার সমাধানের উপায়ের দিকে কাজ শুরু করতে পারবো।

কৃষক এবং মৎসকৃষকরা নিজেদের জীবনের অভিজ্ঞতার সাহায্যে নিজেদের পরিস্থিতি এবং কি ভাবে এই পরিস্থিতি বদলানো যাবে সেই বিষয়ে বিশেষজ্ঞ।



আমি এখন আরো বেশী আশবাদী।

কৃষক এবং মৎসকৃষকদের কাছ থেকে তাদের জীবনের গল্প শোনার ফলে আমরা তাদের জীবনের বাস্তবিক অভিজ্ঞতাগুলি আরো ভালোভাবে বুঝতে পারি। তারা নীতি নির্ধারকদের গ্রহনকারীর উচ্চাকাঙ্খা এবং জটিল জীবিকা নির্বাহনের বিষয়ে বুঝতে সাহায্য করে। গ্রহনকারী: স্ত্রীলোক, পুরুষ এবং যুবক, আদিবাসী ও অনান্য নিম্নস্তরীয় লোকজন। তারা নীতির আলোচনায় গুরুত্বপূর্ন তথ্য প্রদান করে এবং এইভাবে নীতি পরিবর্তনে অনুপ্রানিত করে।
ঐক্যমত গঠনের প্রক্রিয়া একটি পথ যেখানে এইসকল গল্পগুলি বলা এবং শোনা হয়, যার ফলে গরীব লোকেদের প্রয়োজনীয়তায় আরো ভালোভাবে সাহায্য করার জন্য নীতিতে উন্নতি করা যায়।



## ঐক্যমত গঠনের প্রক্রিয়া কি ভাবে কাজ করে?

স্ট্রীমের একটি প্রকল্প, *জলীয় সম্পদের ব্যবহার দ্বারা গরীব লোকেদের জীবিকার জন্য উন্নত নীতির খোঁজ,* যাতে আদিবাসী গোষ্ঠী মাছচাষ করতে পারবে বিষয়ক যোজনার বিকাশের জন্য অনেক অংশীদারাই জড়িত ছিল: আদিবাসী গোষ্ঠী, গবেষক, নীতি নির্ধারক এবং অনান্যরা।

বিভিন্ন লোকেদের বিবাদিত মত থাকে। যোজনার উদ্দেশ্য, ফলাফল, কাজকর্ম কি হওয়া উচিত, কাকে কেমনভাবে সাহায্য করা যাবে সেই নিয়ে বিভিন্ন মতামত থাকে। স্ট্রীম, ঐক্যমত গঠনের প্রক্রিয়ার ব্যবহারের দ্বারা সবার বক্তব্য শোনা যাওয়া নিশ্চিত করলো।

এই প্রক্রিয়ায় দলের প্রত্যেক সদস্য একে অপরকে জানে যদিও তারা আলাদা আলাদা কাজ করে। প্রথম পর্য্যায়ে জাতীয় এবং রাজ্যস্তরীয় নীতি নির্ধারকদের কাছ থেকে নীতি পরিবর্তনের বিষয়ে তাদের মতামত অথবা বক্তব্য জানতে চাওয়া হয়েছিল। ইহার দ্বারা দলের মধ্যের মতামত ও বিরোধিতা বোঝা গেল।

নিরপেক্ষ সভাপতি অংশগ্রহকারীদের কাছ থেকে সকলের বক্তব্য সংগ্রহ করে মিলিয়ে দেখে। তারপরে সকলের বক্তব্যের উপরে টিপ্পনী দেওয়া হয় কিন্তু এটা বলা হয় না যে কোন বক্তব্য কার কাছ থেকে এসেছে। নামহীনভাবে এখন তারা নিজেদের বক্তব্যকে স্বীকার করতে পারে, অস্বীকার করতে পারে, পরিবর্তন করতে পারে।

তারপরে সকল অংশগ্রহকারীদের অনুরোধ করা হয় এইসকল সংগ্রহিত বক্তব্যকে স্বীকার এবং সমর্থন করার জন্য। হয় নতূন উদ্ভূত একমতের সাথে তাদের চিন্তাধারাকে পরিবর্তন করতে হবে অথবা এই একমতকে তাদের পরিত্যাগ করতে হবে এবং তাদের যুক্তিও দিতে হবে অন্যরা কেন তাদের চিন্তাধারায় পরিবর্তন করবে।

এই প্রক্রিয়ায়, প্রকল্প অংশগ্রহকারীদের ৪২টি মূখ্য সুপারিশের মধ্যে থেকে নীতি নির্ধারকদের কিছু সুপারিশ বেছে নিতে বলা হলো। ইহার ফলস্বরুপ নীতি পরিবর্তনের জন্য ১৩টি মূখ্য সুপারিশ সামনে এলো।

## ঐক্যমত গঠনের প্রক্রিয়ায় অর্ন্তভূক্ত আছে...

**...**বিশ্বস্ততা তৈরী করার জন্য সময় দেওয়া, সকল অংশীদারদের মধ্যে সম্পর্ক, একই লোক, গ্রাম এবং সংস্থার সাথে কাজ করা।

**...** গঠনশীল এবং সাহায্যকারী পরিবেশে লোকেদের মতামতকে ব্যক্ত করতে সাহায্য করে।

**...** তৈরী বক্তব্য, নাটক, ভিডিও ডকুমেন্টরি শোনার এবং বলার জন্য স্থান ও সময় প্রদান করে।

**...** লোকেদের বক্তব্য শোনে, বিশেষত: যারা গরীব।



**...** নীতি তৈরী এবং সেবা প্রদানের কাজের বিষয়ে যারা দূর্বল তাদের এই প্রক্রিয়ায় যুক্ত করে, যার ফলে দারিদ্র দূরীকরনের উদ্দেশ্যে তৈরী নীতিতে উন্নতি করা যায়।

সেইসকল কাজকর্মকে অর্ন্তভূক্ত করে যাতে সবাই অংশগ্রহন করতে পারে

**...**প্রত্যেককে স্বাধীনভাবে পদাধিকারের বাইরে বেরিয়ে আলোচনা করার সুযোগ দেওয়া হয়, যাতে তারা এক নিরপেক্ষ জায়গায় একসাথে কাজ করার ফলে একে অপরের বক্তব্যকে বুঝবে ও জানবে

# ঐক্যমত গঠনের প্রক্রিয়ার ৭টি পর্য্যায়

আমি এক বৃদ্ধা,আমি জীবনে অনেককিছু দেখেছি কিন্তু আমি **কোনদিন দেখিনি** গরীব লোকেরা নীতিতে পরিবর্তন করে

**১. তৃনমূল স্তরে পরামর্শ**

কৃষক এবং মৎসকৃষকদের সাথে আলোচনা

- কৃষকদের দল, গ্রামের সমবায়ের মিটিং
- গ্রাম, গ্রাম উন্নয়ন সমাতি এবং নগরপালিকা স্তরের কার্যশালা
- জেলা, রাজ্য, প্রাদেশিক স্তরের কার্যশালা

**২. বিষয় এবং বক্তব্যগুলির সংকলন**

গোষ্ঠী দ্বারা চিহ্নিত প্রধান এবং প্রাথমিক বিষয়গুলি

**৩. অগ্রগন্যতার সারি**

নীতি নির্ধারকদের মতে অগ্রগন্যতার জন্য সংকলিত বিষয়গুলি তাদের কাছে পেশ করা হয়

**৪. সংক্ষিপ্তকরন**

নীতি নির্ধারকদের অগ্রগন্যতার মতামতকে সংক্ষিপ্তকরন করা

**৫. অন্তিম উপস্থাপন**

নীতি নির্ধারক এবং কৃষকদের মধ্যে শেষ চরনের আলোচনার জন্য মতামতের অগ্রগন্যতার সংক্ষিপ্তকরনের উপস্থাপন করা

**৬. নীতি তৈরীতে প্রবেশ করা**

চিহ্নিত সুপারিশগুলিকে নীতিতে বদলানো

**৭. নীতিতে পরিবর্তন**

ঠাকুমা, মহাজালের গল্পটা পড়, তাহলে তুমি জানতে পারবে কিভাবে আমরা নীতিতে পরিবর্তন করতে পারি।









**মহাজাল : মাছ ধরার একটি বড় জাল**

এই ছবিগুলি মহাজাল নাটকের দৃশ্য - *মাছ ধরার একটি বড় জাল*, এটি জাতীয় স্তরে নীতি নির্ধারকদের সম্মুখে প্রস্তুত করা হয়েছিল। এই নাটকে লোকেদের বাস্তবিক জীবন এবং জীবিকা উর্পাজনের চেষ্টার দরুন তাদের যে সকল প্রতিবন্ধিকতার সম্মুখীন হতে হয় সেই বিষয়ে দেখানো হয়েছে। ঐক্যমত গঠনের প্রক্রিয়ার সময় এই গল্পটি প্রথমবার দেখানো হয়েছিল।

গরীব লোকেদের বিষয়ে নীতি নির্ধারকদের অবগত করানোর একটি পথ ছিল এই নাটক। এই প্রক্রিয়ায় দরুন তৈরী ১৩টি সুপারিশকে নীতি নির্ধারকগন গ্রহন করেছিল।







## ঐক্যমত গঠন প্রক্রিয়ার কিছু উপকারিতা




কোন কোন সময়ে দলগত সিদ্ধান্ত নেওয়া সহজ হয় না, কারন দলের মধ্যে বিভিন্ন লোক বিভিন্ন ব্যক্তিত্বের, বিভিন্ন অবস্থার থাকে। উদাহরনস্বরুপ, যেমন দলের কিছু লোক অধিক প্রভাবশালী হয় যার ফলে অনেকসময় অন্যজনেদের কথা শোনা যায় না। কিছু লোক তাদের থেকে বড় লোকেদের সামনে (বয়স অথবা অন্য কোন প্রকারে) নিজের মতামতকে বলতে ভয় পায়।

ঐক্যমত গঠনের প্রক্রিয়া দলগত সিদ্ধান্ত তৈরী করতে উপকারী, ইহা দলগত সিদ্ধান্তের কিছু বাধা বিঘ্নকে দূর করতে সাহায্য করে যেমন, দলের অধিক প্রভাবশালী সদস্য, রাজনৈতিক পক্ষপাত, "উচ্চ পদাধিকারিকে সমলোচনা করতে না চাওয়া" ইত্যাদি।

### দরকারী যোগাযোগের ঠিকানা

### অনান্য 'আরো ভালোভাবে কাজ করার নির্দেশিকা'

এই খন্ডে আরো অনান্য 'আরো ভালোভাবে কাজ করার নির্দেশিকা' আছে :

- তথ্য পাবার সুবিধার পরিমাপ করা
- স্ব-সাহায্যকারী দল

এই সংখ্যার এবং অনান্য 'আরো ভালোভাবে কাজ করার নির্দেশিকা' সংখ্যার প্রতিলিপি আপনি পাবেন আপনার দেশের স্ট্রীমের দেশীয় দপ্তর, স্ট্রীমের আঞ্চলিক দপ্তর এবং স্ট্রীমের ওয়েবসাইট থেকে।
আমরা এই প্রতিবেদন সম্বন্ধে আপনার মতামত জানতে ইচ্ছুক। আপনি আপনার দেশের স্ট্রীমের দেশীয় দপ্তরে যোগাযোগ কেন্দ্রের প্রবন্ধককে ফোন করে, ই মেল করে অথবা চিঠি লিখে আপনার মতামত জানাতে পারেন।

### আপনার স্ট্রীমের দেশীয় দপ্তর

ডুপ্লেক্স: ২, টি.এস. হোমস্, টঙ্কাপানী রোড,
ভুবনেশ্বর- ১৮, উড়িষ্যা
ফোন : ০৬৭৪ ২৩৮১৮৫১
ফ্যাক্স : ০৬৭৪ ২৩৮১৮৫১
ই মেল : rubumukherjee@rediffmail.com

### স্ট্রীমের আঞ্চলিক দপ্তর

c/o নাকা
ডিপার্টমেন্ট অফ ফিশারিজ কমপ্লেক্স
ক্যাসাকার্ট বিশ্ববিদ্যালয় পরিষদ
ফাওলাওথিন রোড
ব্যাঙ্কখেন, ব্যাঙ্কক ১০৯০৩
থাইল্যান্ড
ফোন: ৬৬২ ৫৬১ ১৭২৮/২৯
ফ্যাক্স: ৬৬২ ৫৬১ ১৭২৭
ই-মেল: stream@enaca.org

### স্ট্রীমের ওয়েবসাইট

www.streaminitiative.org